

উদ্যোগী মহকুমা পরিষদ

জঙ্গল ও আদিবাসী গ্রামে

৪০ লক্ষে সৌরবাতি

অলক সরকার

শিলিগুড়ি, ২৭ ফেব্রুয়ারি

শিলিগুড়ি মহকুমার জঙ্গল ও আদিবাসী গ্রামে সৌরবাতি লাগাবে শিলিগুড়ি মহকুমা পরিষদ। এখনও পর্যন্ত অন্তত ১০০টি সৌরবাতি লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মোট খরচ হবে ৪০ লক্ষ টাকা। সেইসঙ্গে চা-বাগান অধ্যুষিত এলাকায় কমিউনিটি হল গড়ার কাজও হাতে নেওয়া হয়েছে। ইতিমধ্যেই ৪টি কমিউনিটি হল গড়া হবে বলে জানানো হয়েছে। এতেও অন্তত কোটি টাকার কাছাকাছি খরচ হবে। কিন্তু এই হল হলে পিছিয়ে পড়া মানুষের সামাজিক অনুষ্ঠান করার ক্ষেত্রে অনেক সুবিধা হবে। এখন বিয়ে কিংবা সামাজিক অনুষ্ঠানের জন্য প্যাভেল

বাঁধতেই গাঁটের পয়সা শেষ হয়ে যায়।

উল্লেখ্য, এদিন ছিল শিলিগুড়ি মহকুমা পরিষদের পূর্ত, পরিবহণ, জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতির বৈঠক। প্রতি ৩ মাস অন্তর স্থায়ী সমিতির বৈঠক করার প্রথা রয়েছে। এদিনের বৈঠকে আগামী দিনগুলিতে কী কাজ করা হবে, তার একটা খসড়া তৈরি করা হল। যদিও লোকসভা নির্বাচনের জন্য এই কাজ সঠিক সময়ে শুরু করা কঠিন হবে বলেই মনে করা হচ্ছে। তবে বিগত বৈঠকে সৌরবাতি, কমিউনিটি হল গড়ার জন্য নেওয়া সিদ্ধান্ত বাস্তবায়ন করতে ইতিমধ্যেই টেন্ডার প্রক্রিয়া শেষ করা হয়েছে। একইসঙ্গে বেশ কিছু শৌচাগারের টেন্ডারও করা হয়েছে। এখন সেই কাজগুলি চলতে থাকবে। সভাপতি অরুণ ঘোষ বলেন, ‘হাতিপ্রবণ এলাকা ও চা-বাগানের আদিবাসী মহল্লায় মূলত সৌরবাতি লাগানোর পরিকল্পনা হয়েছে। পাশাপাশি চা-বাগান এলাকাতেই কমিউনিটি হল হবে।’

এদিনের বৈঠকে কার্যনির্বাহী আধিকারিক নির্মাল্য ঘরামি, পূর্ত কর্মাধ্যক্ষ প্রিয়াঙ্কা বিশ্বাস, কিশোরীমোহন সিংহ, জ্যোতি তিরকি-সহ সমস্ত আধিকারিক উপস্থিত ছিলেন।